জীবননগরে শিক্ষারমান উন্নয়নের লক্ষে শিক্ষকদের সাথে মতবিনিময় সভা

জীবননগর উপজেলায় শিক্ষারমান উন্নয়নের লক্ষে শিক্ষকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকাল ১০ টার সময় উপজেলা পরিষদ চত্বরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, শিক্ষাখাতে বর্তমান সরকার ব্যাপক উন্নয়ন করেছে।এক সময় জীবননগর উপজেলার অনেক শিক্ষা প্রতিষ্ঠানে বৃষ্ঠির সময় শিক্ষাথীরা লেখাপড়া করতে পারতো না ।বতমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর জীবননগর উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এখন উন্নতমানের ভবন পেয়েছে রাস্তাঘাট উন্নয়ন হয়েছে।শিক্ষকদের বেতন ভাতা বৃদ্ধি পেয়েছে শেখ হাসিনা সরকার শিক্ষাবান্ধব সরকার ।এ সময় তিনি উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আবারো বর্তমান সরকারকে রাষ্ট্রীয় ক্ষমতায় আনতে সর্বান্তক সহযোগীতা কামনা করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ, সাবেক উপজেলা

চেয়ারম্যান গোলাম মোর্তুজা, জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, উপজেলা শিক্ষা অফিসার জালাল উদ্দীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আমজাদ হোসেন, জীবননগর থানার ওসি এস.এম জাবীদ হাসান, বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, হাসাদাহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জত হোসেন মীজা, হাসাদাহ ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ মাও: আক্তারুজ্জামান, জীবননগর সরকারি আদশ মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ রেজাউল হক, জীবননগর ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ জসিম উদ্দনি জালাল, উথলী মহাবিদ্যালয়ের প্রিন্সিপাল আকরাম হোসেন প্রমুখ। অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন, উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার।

জীবননগরে সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগী মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টার সময় মনোহরপুর,কেডিকে ও বাকা ইউনিয়ন পরিষদ ও জীবননগর পৌরসভার আয়োজনে জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলার মনোহরপুর, কেডিকে ও বাকা ইউনিয়ানের সহ জীবননগর পৌরসভার বিভিন্ন স্তরের সাধারণ মানুষ সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগিদের সাথে এ সভা অনুষ্ঠিত হয়। মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

ভাতাভোগি প্রায় ১৩হাজার জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর, জীবননগর উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন,বাকা ইউপি চেয়ারম্যান আঃকাদের প্রধান,কেডিকে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু,জেসিআইয়ের পরিচালক মুনতাসির আজগার আকাশ প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম।

জীবননগরের মনোহরপুর জাতীয় যুব দিবস পালিত

জীবননগরে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী গ্রামের সমৃদ্ধ কেন্দ্রে জাতীয় যুব দিবস উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও সংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় ওয়েভ ফাউন্ডেশনের ইউনিয়ন যুবদের আয়োজনে পল্লি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি ও মাই টিভি প্রতিনিধি মিথুন মাহমুদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের সদস্য আদিলুল করিম ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের সদস্য তৌফিকুজ্জামান টিটু, সাংবাদিক এ,আর, ডাবলু, বাঁকা ইউনিয়ন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়ক আব্দুল আওয়াল, ওয়েভ ফাউন্ডেশন কর্মকর্তা লিটনসহ শত শত যুবক-যুবতী এসময় উপস্থিত ছিলেন।

ব

ক্তারা তাদের বক্তব্যে বলেন, “যুবদের সেবা, উদ্যোগ ও উদ্ভাবনী মানসিকতা দেশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশের যুব সমাজের অংশীদারিত্ব ছিল অন্যতম। দেশের যুব সমাজের বৃহদাংশ আজ উদ্যোক্তা হিসেবে পরিচিত। যারা দেশের মৎস্য, কৃষি, বস্ত্র, হস্তশিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে দেশকে সমৃদ্ধ করে তুলছে”।

জীবননগরে গ্রামীণ অবকাঠামো উন্নয়নের চেক বিতরণ

গ্রামীণ অবকাঠামো উন্নয়নে চুয়াডাঙ্গার জীবননগরে মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, ঈদগাসহ বিভিন্ন প্রকল্পের কাজের চেক বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে জীবননগর উপজেলা হল রুমে দুর্যোগ ব্যবস্থাপনা অফিসের আয়োজনে এ চেক বিতরণ করা হয়।

গ্রামীণ অবকাঠামো উন্নয়নে চুয়াডাঙ্গার জীবননগরে মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, ঈদগাসহ বিভিন্ন প্রকল্পের কাজের বরাদ্দকৃত চেক বিতরণ করা হয়। ৭২টি প্রকল্পের ৪৫ লাখ টাকার চেক বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান, পৌর মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন

সম্পাদক জাহাঙ্গীর আলম প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন উপজেলা প্রকল্প কমকতা মোঃ মিজানুর রহমান।

জীবননগরে পুলিশের অভিযানে সাবেক চেয়ারম্যান আটক

জীবননগর থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে জীবননগর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি ও উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার দিবাগত রাতে গোপন তথ্যের ভিত্তিতে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে জীবননগর থানার এসআই(নি:) মোঃ সিরাজুল ইসলাম, সঙ্গীয় অফিসার ফোর্সসহ উথলী ইউনিয়নে বিশেষ অভিযান পরিচালনা করে রাত ০৩.৪৫ শের সময় জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনের হুদা এলাকা থেকে সেনেরহুদা গ্রামের মৃত আফসার আলীর ছেলে উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আবুল কালামকে(৫৮) আটক করে পুলিশ। যার জীবননগর থানার মামলা নং ২৬।

জীবননগরে জাতীয় যুব দিবস পালিত

জীবননগরে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বর থেকে র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস-চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা প্রমূখ। আলোচনা সভা শেষে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণার্থীদের মাঝে চেক বিতারণ করা হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম।

এদিকে একই দিনে বিকাল ৪টার সময় উপজেলার বাঁকা ইউনিয়নের বাঁকা গ্রামের সমৃদ্ধ কেন্দ্রে জাতীয় যুব দিবস উপলক্ষে আলোচনা সভা ও সংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় ওয়েভ ফাউন্ডেশনের ইউনিয়ন যুবদের আয়োজনে পল্লি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় বাঁকা ইউনিয়ন পরিষদের সাবেক সদস্য খলিলুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি ও মাই টিভি প্রতিনিধি মিথুন মাহমুদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক এ,আর, ডাবলু, বাঁকা ইউনিয়ন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়ক ইশরাত জাহান, ওয়েভ কর্মকর্তা পাপিয়া খাতুন, বাঁকা ইউনিয়ন যুব কমিটির সভাপতি ইনামুল হক।

প্রধান অতিথির বক্তব্যে মিথুন মাহমুদ বলেন, “যুবদের সেবা, উদ্যোগ ও উদ্ভাবনী মানসিকতা দেশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশের যুব সমাজের অংশীদারিত্ব ছিল অন্যতম। দেশের যুব সমাজের বৃহদাংশ আজ উদ্যোক্তা হিসেবে পরিচিত। যারা দেশের মৎস্য, কৃষি, বস্ত্র, হস্তশিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে দেশকে সমৃদ্ধ করে তুলছে”।

জীবননগর স্বরাষ্টমন্ত্রীর আগমন উপলক্ষে মাঠ পরিদর্শনে এমপি টগর

জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়ামে স্বরাষ্ট্রমন্ত্রীর আগমন উপলক্ষে মাঠ পরিদর্শন।

আজ সোমবার জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়ামে ২রা নভেম্বর স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল (এমপি) সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগী ব্যক্তিদের নিয়ে মতবিনিময় সভায় আগমন উপলক্ষে মাঠ পরিদর্শন করলেন চুয়াডাঙ্গা-০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার।

এসময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান ও সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা,পৌর মেয়র রফিকুল ইসলাম, সাবেক পৌর মেয়র ও পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী যুবলীগ সভাপতি আব্দুস সালাম ঈশা,উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক সোয়েব আহম্মেদ অন্জন, উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি সেকেন্দার আলী,সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মালেক মোল্লা, উথলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোবারক হোসেন সোহেল প্রদীপ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক মেহেদী হাসান, যুবলীগ নেতা কাজী শামসুর রহমান চন্ঞল, পল্বব,জাহিদুলসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতৃবৃন্দ।

জীবননগরে ডেঙ্গু প্রতিরোধ পরিচ্ছন্নতা সপ্তাহ পালন

আজ সোমবার সকালে জীবননগর উপজেলা পরিষদ চত্বরে ডেঙ্গু প্রতিরোধ পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ উপলক্ষে মশক নিধন ও ময়লা আবর্জনা পরিষ্কার কাজের উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা লাকী, সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র প্রমুখ।

জীবননগরে একসাথে চার নবজাতকের জন্ম; খাদ্য ও শুভেচ্ছা সামগ্রী দিলেন পুলিশ সুপার

জীবননগরে একসাথে জন্ম নেয়া ৪ নবজাতক শিশু ও তার বাবা-মাকে পুলিশ সুপার মোঃ আব্দুল্লাহ আল মামুনের পক্ষ থেকে আর্থিক সহায়তা, খাদ্য ও শুভেচ্ছা সামগ্রী প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার তাদের নিজ বাড়ি জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের সুটিয়া গ্রামে উপস্থিত হয়ে নবজাতক ৪শিশুর পরিবারের হাতে আর্থিক সহায়তা, বাচ্ছাদের খাদ্য ও শুভেচ্ছা সামগ্রী পৌঁছে দেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের পক্ষে সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা –জীবননগর সার্কেল) জাকিয়া সুলতানা।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) এসএম জাবীদ হাসান।

উল্লেখ্য গত (৪ অক্টোবর) চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার বাকা

ইউনিয়নের সুটিয়া গ্রামের জিয়াউর রহমানের স্ত্রী মোছা: তহমিনা খাতুন(২৪)-এর সিজারিয়ান অপারেশনের মাধ্যমে যশোর আদ্বদীন হাসপাতালে একই সাথে ০২(দুই) পুত্র ও ০২(দুই) কন্যা সন্তানসহ মোট ০৪ (চার) জন সন্তান জন্মগ্রহণ করে এবং শিশুদের প্রয়োজনীয় চিকিৎসা নিশ্চিত করতে গতকাল পর্যন্ত যশোরে হাসপাতালেই অবস্থান করেন। নবজাতকদের চার ভাইবোনের নাম রাখা হয় যথাক্রমে জুমান, জুবায়ের, জুনিয়া ও জিনিয়া।

এর মধ্যে গত (২২ শে অক্টোবর) জিনিয়া অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেন। বতমানে জীবিত তিন শিশু সুস্থ আছে। এদিকে নবজাতক তিন শিশুকে দেখতে এলাকার সাধারন মানুষ জিয়াউর রহমানের বাড়িতে ভিড় জমাচ্ছে।

জীবননগরে ১৬ বোতল ফেন্সিডিলসহ আটক ২

জীবননগর থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৬ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে করেছে।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) এস.এম. জাবীদ হাসানের নিদেশে, জীবননগর থানার এসআই(নি:) এসএম রায়হান সঙ্গীয় অফিসার ফোর্সসহ সীমান্ত ইউনিয়নে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে নতুনপাড়া গ্রামের আঃ কুদ্দুসের ছেলে মোঃ হারুন অর রশিদ (৩২),এবং গোয়ালপাড়া গ্রামের মোজাম্মেল হকের ছেলে মোঃ আবুল বাশারকে (৩০) জীবননগরে উপজেলার নতুনপাড়া গ্রামের ১নং আসামী মোঃ হারুন অর রশিদ এর বাড়ীর সামনে পাকা রাস্তার উপর থেকে মাদকদ্রব্য ১৬ বোতল ফেন্সিডিল সহ গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়।